# মূল বইয়ের অতিরিক্ত অংশ

# নবম অধ্যায়: বাংলাদেশের গুরুত্বপূর্ণ অর্থনৈতিক প্রসঙ্গ

## পরীক্ষায় কমন পেতে অনন্য প্রশ্নোত্তর

**প্রশ্ন ▶১** এশা উচ্চ শিক্ষার জন্য যে দেশে যায়, সেখানে ভূমি ও প্রাকৃতিক সম্পদের পূর্ণ ব্যবহার হয়। ফলে আয় ও সঞ্চয় বৃদ্ধি পায়। রাজনৈতিক পরিস্থিতি স্থিতিশীল, যা নিজ দেশ বাংলাদেশে সে দেখে না। ◀ *শিখনফল-২ ও ৩*

ক. দেশ ও দেশের মানুষকে পরনির্ভরশীল করে তোলে কী? ১
খ. মৌসুমি বেকারত্ব বলতে কী বোঝায়? ২
গ. এশার যাওয়া দেশটির অর্থনৈতিক বৈশিষ্ট্যগুলো চিহ্নিত করো। ৩
ঘ. অর্থনৈতিক উন্নয়নের মাত্রা ও স্তরের ভিত্তিতে এশার নিজ দেশের অবস্থান পর্যালোচনা করো। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** দেশ ও দেশের মানুষকে পরনির্ভরশীল করে তোলে দারিদ্র্য।

**খ** প্রাকৃতিক কারণে বছরের কোনো বিশেষ বিশেষ সময়ে মৌসুমি বেকারত্ব হয়।

যেমন– ফসল বপন ও কর্তনের সময় ব্যতীত অন্যান্য সময়ে গ্রামীণ শ্রমিকের কোনো কাজ থাকে না। অর্থাৎ, বছরের যে সময় কৃষি শ্রমিক বা গ্রামীণ শ্রমিক কাজের সুযোগ থেকে বঞ্চিত থাকে সে সময়ের জন্য ঐ শ্রমিককে মৌসুমি বেকার বলে। আর এই পরিস্থিতি বা অবস্থাকে মৌসুমি বেকারত্ব বলে।

**গ** এশা উচ্চ শিক্ষার জন্য যে দেশে যায় সেটি একটি উন্নত দেশ। উন্নত দেশের অর্থনৈতিক বৈশিষ্ট্যগুলো হলো—

উন্নত দেশ প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ। এসব দেশ ভূমি ও প্রাকৃতিক সম্পদের সঠিক ব্যবহার ও সুষ্ঠু সংরক্ষণের মাধ্যমে বিশ্বের নেতৃত্ব দান করছে। উন্নত দেশের অর্থনীতি মূলত মূলধন নির্ভর। আর মূলধন গঠন অর্থনৈতিক উন্নয়নের একটি প্রাথমিক শর্ত। উন্নত দেশের অর্থনীতি এ শর্ত পূরণ করে অর্থনৈতিকভাবে আরও সমৃদ্ধশালী হচ্ছে। আবার উন্নত দেশের শ্রমিকদের উৎপাদন ক্ষমতা অনেক বৃদ্ধি পেয়েছে এবং এই বৃদ্ধির মূলে রয়েছে কারিগরি জ্ঞানের উন্নতি। উন্নত দেশে মানুষ উন্নত কারিগরি জ্ঞানের দ্বারা প্রকৃতিকে বশে এনেছে এবং প্রকৃতির কাছ থেকেই প্রয়োজনীয় সামগ্রী সংগ্রহ করেছে।

রাজনৈতিক ও অর্থনৈতিক স্থিতিশীলতা অর্থনৈতিক উন্নয়নের অন্যতম শর্ত যা উন্নত দেশের অর্থনীতিতে লক্ষ করা যায়। আবার উন্নত দেশের মানুষের আয় ও সঞ্চয়ের পরিমাণও বেশি। অধিক সঞ্চয় অধিক মূলধন সৃষ্টি করে যা অধিক উৎপাদনের অন্যতম শর্ত। হংকং, সিঙ্গাপুর, নিউজিল্যান্ড, অস্ট্রেলিয়া, সুইজারল্যান্ড, কানাডা প্রভৃতি উন্নত দেশের অর্থনীতিতে উপরোল্লিখিত বৈশিষ্ট্যগুলো বিশেষভাবে পরিলক্ষিত হয়।

**ঘ** অর্থনৈতিক উন্নয়নের মাত্রা ও স্তরের ভিত্তিতে এশার নিজ দেশ তথা বাংলাদেশের অবস্থান পর্যালোচনা করে দেশটিকে একটি উন্নয়নশীল দেশ বলা যায়। কারণ দেশটিতে অর্থনৈতিক উন্নয়নে ক্রমবিকাশ পরিলক্ষিত হয়।

বাংলাদেশ দক্ষিণ এশিয়ার একটি কৃষিপ্রধান ও জনবহুল দেশ। স্বাধীনতা লাভের প্রায় চার দশক অতিক্রান্ত হলেও দেশটিতে এখনও বহুমুখী আর্থ-সামাজিক সমস্যা বিদ্যমান। কৃষি ও শিল্পের অনুন্নত ব্যবস্থা, অধিক জনসংখ্যা, ব্যাপক বেকারত্ব, স্বল্প মাথাপিছু আয়, নিম্ন জীবনযাত্রার মান, পুঁজির স্বল্পতা, অনুন্নত আর্থ-সামাজিক অবকাঠামো, প্রতিকূল সামাজিক ও অর্থনৈতিক পরিবেশ প্রভৃতি এখনো এদেশের অর্থনৈতিক উন্নয়নের অন্তরায় হিসেবে কাজ করছে।

তবে, সময় অতিবাহিত হওয়ার সাথে সাথে বাংলাদেশের সামগ্রিক অর্থনৈতিক অবস্থার সার্বিক ক্রমপরিবর্তন লক্ষ করা যায়। এদেশে পরিকল্পিতভাবে উন্নয়ন কার্যক্রমের মাধ্যমে ইতোমধ্যেই উন্নয়নের ভিত্তি রচিত হয়েছে। মাথাপিছু আয় ও জীবনযাত্রার মান ধীরে হলেও বাড়ছে। ১৯৯৫-৯৬ যেখানে অর্থবছরে এ দেশের জনগণের মাথাপিছু আয় ছিল মাত্র ২৬৫ মার্কিন ডলার সেখানে ২০১৮-১৯ অর্থবছরে তা বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ১৯০২ মার্কিন ডলার। এখানে সময়ের সাথে সাথে অর্থনৈতিক ও সামাজিক অবকাঠামোর লক্ষণীয় উন্নয়ন সাধিত হচ্ছে; তাছাড়া, উৎপাদন, ব্যবসা-বাণিজ্য, ব্যাংক ও বিমা, নির্মাণ ইত্যাদি খাতে অর্থনৈতিক কর্মতৎপরতা ক্রমেই বাড়ছে। শিক্ষা ও স্বাস্থ্য সুবিধা ক্রমশ প্রসারিত হচ্ছে।

সুতরাং সার্বিক পরিস্থিতি বিবেচনায় বলা যায়, এ দেশের অর্থনীতি অনুন্নত দেশের মতো স্থবির ও প্রাথমিক পর্যায়ের নয়। এজন্য এশার দেশ বা বাংলাদেশকে একটি উন্নয়নশীল দেশ হিসেবে গণ্য করা যায়।

**প্রশ্ন ▶২** বাংলাদেশে ব্র্যাক, আশা, প্রশিকা, এসএসএস, টিএমএসএস, স্বনির্ভর বাংলাদেশসহ আরও অনেক এনজিও কর্মরত রয়েছে। রেবেকা বেগম প্রশিকায় মাঠ কর্মী হিসেবে কাজ করে। তার কাজ গ্রামীণ জনগণের দারিদ্র বিমোচন, স্বাস্থ্য, শিক্ষা ও সামাজিক উন্নয়নে ভূমিকা রাখার পাশাপাশি কর্মসংস্থানের বৃদ্ধিতেও সহায়তা করে। ◀ *শিখনফল-৯*

ক. মানবসম্পদ কী? ১
খ. ছদ্মবেশী বেকারত্ব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে রেবেকা বেগম যে এনজিওতে কাজ করে বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে তার ভূমিকা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত এনজিওগুলোর কার্যক্রম তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** জনসংখ্যার একটি অংশ যখন শিক্ষা ও দক্ষতা অর্জনের মাধ্যমে শ্রমশক্তিতে পরিণত হয় তখন তাদেরকে মানবসম্পদ বলে।

**খ** যে শ্রমিকের প্রান্তিক উৎপাদনশীলতা শূন্য তাকে বলা হয় প্রচ্ছন্ন বেকার বা ছদ্মবেশী বেকার।

কৃষিখাতে আপাতদৃষ্টিতে অনেক লোক কাজ করছে বলে মনে হয়। কিন্তু প্রকৃতপক্ষে কৃষিকাজে নিযুক্ত লোকের মধ্যে অনেকেরই প্রান্তিক উৎপাদনশীলতা শূন্য। এই শূন্য উৎপাদনশীলতা বিশিষ্ট লোককে প্রচ্ছন্ন বেকার বা ছদ্মবেশী বেকার বলে।

**গ** রেবেকা বেগম যে এনজিওতে কাজ করে বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে তার (প্রশিকার) গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

প্রশিকা ১৯৭৫ সালে ঢাকা ও কুমিল্লা জেলার কয়েকটি গ্রামে কাজ শুরু করে। প্রশিকা সমিতির সদস্যদের টেকসই অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে ক্ষুদ্র ঋণ কর্মসূচির আওতায় পরিবেশসম্মত কৃষি, সেচ, পশুসম্পদ বৃদ্ধি, মৌমাছি পালন, মৎস্য চাষ, সামাজিক বনায়ন, বসতবাড়িতে বাগান, বীজ উৎপাদন, ক্ষুদ্র ব্যবসা ইত্যাদি খাতে ঋণ সহায়তা দিয়ে দরিদ্র মানুষের জন্য আয় ও কর্মসংস্থানের ব্যবস্থা করেছে।

গ্রামের দরিদ্র মানুষের ক্ষমতায়নের জন্য বিশেষত নারীর ক্ষমতায়নের জন্যও সংস্থাটি কাজ করে থাকে। দারিদ্র্য বিমোচন ও সঞ্চয় প্রকল্প সংগঠন সচেতনতা গড়ে তুলতে সাহায্য করে আর্থ-সামাজিক বৈষম্য দূর করার ব্যাপারে সচেতনতা সৃষ্টি করতে পারে। এভাবে প্রশিকা গ্রামের মানুষের আর্থসামাজিক উন্নয়নে সহায়তা করে থাকে।

**ঘ** উদ্দীপকে উল্লিখিত প্রশিকা ছাড়াও ব্র্যাক, আশা এবং শক্তি ফাউন্ডেশনসহ অন্যান্য এনজিওগুলো দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখে। বাংলাদেশ জনগণের বিরাট অংশ দারিদ্র্যসীমার নিচে বসবাস করছে। তাই এদেশের দরিদ্র জনগোষ্ঠীর জীবনে গুণগত ও পরিমাণত পরিবর্তন আনতে হলে গ্রামের উন্নয়ন করতে হবে। আর তা সম্ভব NGO-এর কার্যক্রমের মাধ্যমে।

ব্র্যাক বাংলাদেশের সর্ববৃহৎ বেসরকারি ক্ষুদ্র ঋণদানকারী সংস্থা। এ সংস্থাটি বিভিন্ন কর্মসূচির মাধ্যমে ঋণদান কর্মসূচিসহ দারিদ্র্য বিমোচন, স্বাস্থ্য, শিক্ষা ও সামাজিক উন্নয়নে কাজ করে থাকে। গ্রামের সামাজিকভাবে বঞ্চিত ও বিভিন্ন ক্ষুদ্র গোষ্ঠীর মানুষ যেমন- অতি দরিদ্র চরবাসী, দুস্থ নারী, অবসরপ্রাপ্ত ও ছাঁটাইকৃত সরকারি শিল্প প্রতিষ্ঠানের কর্মচারীদের বিভিন্ন ধরনের ক্ষুদ্রঋণ এবং প্রশিক্ষণ প্রদান করে থাকে।

আশা ১৯৯২ সাল হতে ক্ষুদ্র ঋণ কর্মসূচি পরিচালনা করে আসছে। আশা বর্তমানে আত্মনির্ভরশীল দ্রুত বর্ধমান সর্ববৃহৎ ক্ষুদ্র ঋণদানকারী সংস্থা হিসেবে বিশ্বে প্রতিষ্ঠা লাভ করেছে।

ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ (টিএমএসএস) বাংলাদেশের নারী উন্নয়নে বড় সংগঠন। এই সংগঠন মহিলাদের দারিদ্র্য বিমোচন, আর্থ-সামাজিক উন্নয়ন ও মহিলাদের ক্ষমতায়নে ১৯৮০ সাল থেকে কাজ করে যাচ্ছে। সমাজের অশিক্ষিত, বঞ্চিত ও অত্যাচারিত এবং ০.৫ একর পর্যন্ত জমির মালিকরা এ সংস্থার ঋণ সুবিধা পেয়ে থাকে।

১৯৭৫ সালে স্বনির্ভর বাংলাদেশের আত্মপ্রকাশ করে। শুরুতে কৃষি ও বন মন্ত্রণালয়ের সাথে একটি সংযুক্ত সেল হিসাবে কাজ করে। বেসরকারি সমাজ উন্নয়নমূলক সংস্থা হিসাবে তৃণমূল জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে কাজ শুরু করে ১৯৮৫ সাল থেকে।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

### ➤ উত্তর সংকেতসহ প্রশ্ন

**প্রশ্ন ▶৩** রনি এমন একটি দেশে বেড়াতে গেল যেখানে ভূমি ও প্রাকৃতিক সম্পদের পূর্ণ ব্যবহার হয়। ফলে আয় বৃদ্ধির পাশাপাশি সঞ্চয় বৃদ্ধি পায়। বিনিয়োগ ও মূলধন গঠনের হারও তাই বেশি। উপরন্তু রাজনৈতিক পরিস্থিতি স্থিতিশীল, যা নিজ দেশ বাংলাদেশে দেখে না। *◀ শিখনফল-২ ও ৩*

ক. মানবসম্পদ কাকে বলে? ১

খ. বাংলাদেশের দারিদ্র্য বিমোচনে ব্র্যাক এর কার্যক্রম ব্যাখ্যা করো। ২

গ. রনি যে দেশে গেল সেই দেশের অর্থনীতির বৈশিষ্ট্যের একটি তালিকা তৈরি করো। ৩

ঘ. রনির নিজ দেশের অর্থনীতি কোন ধরনের? নির্ধারণ করো। ৪

#### ৩নং প্রশ্নের উত্তর

**ক** জনসংখ্যার যে অংশ শিক্ষা ও দক্ষতার ভিত্তিতে শ্রমশক্তিতে পরিণত হয়েছে তাদেরকে মানবসম্পদ বলা হয়।

**খ** ব্র্যাক বাংলাদেশের জাতীয় পর্যায়ের একটি বৃহৎ এনজিও।

এটি ঋণদান কর্মসূচির মাধ্যমে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে দেশের ৭০ হাজার গ্রাম এবং ২,০০০ বস্তিতে কাজ করছে। প্রথমদিকে ব্র্যাক তৃণ কার্যক্রমের জন্য গঠিত হলেও বর্তমানে বহুমুখী দারিদ্র্য বিমোচন কর্মসূচি পরিচালনা করছে। বর্তমানে ব্র্যাক ক্ষুদ্রঋণ, স্বাস্থ্যসেবা, স্বাক্ষরতা এবং শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে দরিদ্র জনগণের বিশেষত, পল্লি এলাকার ভূমিহীনদের জন্য উপার্জনমূলক কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এছাড়াও সংস্থাটি বিভিন্ন কর্মসূচির মাধ্যমে অতি দরিদ্র, চরবাসী ও সামাজিক উন্নয়নে কাজ করে থাকে।

*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** উন্নত দেশের অর্থনীতির বৈশিষ্ট্যের একটি তালিকা তৈরি করো।

**ঘ** উন্নয়নশীল দেশের অর্থনীতি কেমন? বিশ্লেষণ করো।

**প্রশ্ন ▶৪** গণি মিয়া একজন প্রান্তিক চাষি। সারা বছর যা আয় হয় তা দিয়ে সংসার চালাতেই হিমশিম খায়। তার স্ত্রীর ইচ্ছা কিছু সঞ্চয় করে তা দিয়ে একটি মুরগির খামার করা। কিন্তু কোনোভাবেই তারা আয় বাড়াতে পারছে না। ফলে সঞ্চয় ও বিনিয়োগ কোনোটাই করতে পারছে না। তারা স্বামী-স্ত্রী মিলে এ সমস্যা থেকে মুক্তির উপায় খুঁজতে থাকে। *◀ শিখনফল-৪*

ক. সামাজিক নিরাপত্তা বেষ্টনী কী? ১

খ. অনুন্নত অর্থনীতির একটি প্রধান বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ২

গ. গণি মিয়া অর্থনীতির যে চক্রে আবদ্ধ সেটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত চক্র থেকে মুক্তির উপায় বিশ্লেষণ করো। ৪

#### ৪নং প্রশ্নের উত্তর

**ক** নারী, শিশু, প্রতিবন্ধীসহ সকল সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে উন্নয়নের মূল ধারায় সম্পৃক্ত করা এবং তাদেরকে সামাজিক ক্ষমতায়ন ও সামাজিক সুরক্ষা দেওয়াই হচ্ছে সামাজিক নিরাপত্তা বেষ্টনী।

**খ** অনুন্নত দেশের বেশির ভাগ মানুষ গ্রামে বাস করে। বেশির ভাগ লোক প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কৃষি উৎপাদনের সাথে জড়িত ও কৃষির ওপর নির্ভরশীল। কৃষি উৎপাদন ব্যবস্থা ও প্রযুক্তি সনাতনী। এসব দেশের জাতীয় আয়ের একটি বড় অংশ কৃষি খাত থেকে আসে।

*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** দারিদ্র্যের দুষ্টচক্র ব্যাখ্যা করো।

**ঘ** অনুন্নত অর্থনীতিতে দারিদ্র্যের দুষ্টচক্র থেকে বেরিয়ে আসার উপায় আলোচনা করো।

### ➤ অনুশীলনের জন্য আরও প্রশ্ন

**প্রশ্ন ▶৫** আকাশের দাদু একজন বীর মুক্তিযোদ্ধা। তিনি একদিন আলোচনা করে বললেন, স্বাধীনতার ৪০ বছর পরও এদেশের মানুষের আয় কম মূলধনের অভাবে অনেক কৃষক জমিতে প্রয়োজন মতো সার, কীটনাশক ও সেচ দিতে পারে না। হরতাল, ধর্মঘট ইত্যাদির কারণে অনেকে শিল্প-কারখানায় বিনিয়োগ করতে চায় না। দেশে বহু ছেলেমেয়ে

বেকার এবং এ অবস্থা বছরের পর বছর চলে আসছে। যদি মরণের আগে কৃষকের মুখে হাসি দেখে যেতে পারতাম। ◀ শিখনফল-৪

ক. BRAC-এর পূর্ণরূপ লিখ। ১

খ. আশ্রয়ন প্রকল্প বলতে কী বোঝায়? ২

গ. আকাশের দাদুর বক্তব্যে বাংলাদেশের অনুন্নয়নের কোন বিশেষ কারণটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. আকাশের দাদুর স্বপ্ন বাস্তবায়নের উপায় বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন ▶৬** আলফাজ উদ্দিন তার অল্প জমিতে ছেলেসহ চাষ করে বছরে গড়ে ৬০ মণ ধান পায়। এরই মধ্যে তার এক ভাতিজা বিদেশে চাকরিচ্যুত হয়ে দেশে ফিরে এসে তার সাথে কাজ করছে। কিন্তু আলফাজ উদ্দিন লক্ষ করে, এর ফলে ধান উৎপাদনের পরিমাণ বাড়েনি। এ অবস্থায় ভাতিজাকে অন্য কোনো কাজে লাগানো যায় কিনা তা নিয়ে সে চিন্তাভাবনা শুরু করেছেন। ◀ শিখনফল-৮

ক. প্রচ্ছন্ন বেকারত্ব কী? ১

খ. বেকার সমস্যা নিরসনে কৃষি ও অকৃষি ক্ষেত্রগুলো উল্লেখ করো। ২

গ. আলফাজ উদ্দিনের ভাতিজা কোন ধরনের বেকার? উদ্দীপকের আলোকে তার উত্তর দাও। ৩

ঘ. আলফাজ উদ্দিনের ভাতিজা যে ধরনের বেকারত্বের শিকার তা কীভাবে সমাধান করা সম্ভব? আলোচনা করো। ৪

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. কোনটি উন্নত অর্থনৈতিক অবস্থার বৈশিষ্ট্য?**
ক) প্রাথমিক পণ্য উৎপাদনকারী দেশ
খ) কৃষি ভিত্তিক অর্থনীতি
গ) উন্নত পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা
ঘ) উপনিবেশিক ধরনের বাণিজ্য

**২. দারিদ্র্যের দুষ্টচক্র সম্পর্কে নার্কস প্রদত্ত সঠিক বাক্য কোনটি?**
ক) A poor country is a victim to proverty
খ) A poor country is poverty strickey.
গ) A country is poor because it is poor
ঘ) A poor country is poor

**৩. নিচের কোনটি সাথে অর্থনৈতিক উন্নয়নের সম্পর্ক আছে?**
ক) প্রাকৃতিক সম্পদ খ) মাথাপিছু আয়
গ) শ্রমের গতিশীলতা ঘ) বণ্টন ব্যবস্থা

**৪. অর্থনৈতিক উন্নয়নের মাত্রা ও স্তরের ভিত্তিতে বিশ্বের দেশসমূহকে কয় ভাগে ভাগ করা যায়?**
ক) তিনটি খ) চারটি
গ) পাঁচটি ঘ) ছয়টি

**৫. কোন মহাদেশের অধিকাংশ দেশ উন্নত?**
ক) এশিয়া খ) আফ্রিকা
গ) ইউরোপ ঘ) লাতিন আমেরিকা

**৬. উন্নত দেশগুলো আজ কোন সম্পদের সঠিক ব্যবহার ও সুষ্ঠু সংরক্ষণ করে উন্নত বিশ্বের নেতৃত্ব দান করছে?**
ক) অদক্ষ জনশক্তি
খ) ভূমি ও প্রাকৃতিক সম্পদ
গ) অধিক জনসংখ্যা
ঘ) কৃষিভিত্তিক অর্থনীতি

**৭. নিচের কোনটি উন্নত দেশের পর্যায়ভুক্ত?**
ক) বাংলাদেশ খ) পাকিস্তান
গ) নেপাল ঘ) যুক্তরাষ্ট্র

**৮. উন্নত দেশের জাতীয় আয়ের প্রধান উৎস কী?**
ক) কৃষি খ) বাণিজ্য
গ) খনিজ ঘ) শিল্প

**৯. কত সালে বাংলাদেশে বেসরকারি সংস্থা ব্র্যাক প্রতিষ্ঠিত হয়?**
ক) ১৯৭২ খ) ১৯৭৫
গ) ১৯৮৬ ঘ) ১৯৯২

**১০. কোনটি অর্থনৈতিক উন্নয়নের জন্য প্রয়োজনীয় শর্ত?**
ক) মূলধন গঠন খ) দক্ষ জনশক্তি
গ) দক্ষ উদ্যোক্তা ঘ) দক্ষ প্রশাসন

**১১. জাপান একটি উন্নত দেশ। এদেশের শ্রমিকদের আছে—**
i. অনেক উৎপাদনক্ষমতা
ii. উন্নত কারিগরি জ্ঞান
iii. শ্রমের স্থিতিশীলতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**অনুচ্ছেদটি পড়ো এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:**
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে পাস করা জনাব ইকবাল এমন একটি দেশে চাকরি করছেন, যে দেশের জনগণের মাথাপিছু আয় খুব বেশি। এবং দেশটির শিল্পখাত সম্প্রসারিত, যোগাযোগ ব্যবস্থা উন্নত, আন্তর্জাতিক বাণিজ্য অর্থনীতির অনুকূল।

**১২. জনাব ইকবাল কোন ধরনের দেশে চাকরি করেন?**
ক) অনুন্নত খ) উন্নত
গ) উন্নয়নশীল ঘ) স্বল্পোন্নত

**১৩. জনাব ইকবালের দেশের বৈশিষ্ট্য ——**
i. ভূমি ও প্রাকৃতিক সম্পদের অপূর্ণ ব্যবহার
ii. কারিগরি বিজ্ঞান
iii. দক্ষ প্রশাসনযন্ত্র
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৪. কোন মহাদেশের অধিকাংশ দেশ অনুন্নত?**
ক) আমেরিকা খ) আফ্রিকা
গ) ইউরোপ ঘ) অস্ট্রেলিয়া

**১৫. কোন ধরনের অর্থনীতিতে মৌসুমি ও ছদ্মবেশী বেকারত্ব দেখা যায়?**
ক) অনুন্নত খ) স্বল্পোন্নত
গ) উন্নয়নশীল ঘ) উন্নত

**১৬. পৃথিবীর বেশির ভাগ লোক কোন শ্রেণির দেশে বসবাস করে?**
ক) উন্নত খ) স্বল্পোন্নত
গ) উন্নয়নশীল ঘ) অনুন্নত

**১৭. রহিম যে দেশে বসবাস করে সেখানে উৎপাদন কম বলে আয় কম, আয় কম বলে বিনিয়োগও কম। উক্ত দেশের বিদ্যমান অর্থনৈতিক অবস্থাকে কী নামে অভিহিত করা হয়?**
ক) উৎপাদনের দুষ্টচক্র
খ) দারিদ্র্যের দুষ্টচক্র
গ) বিনিয়োগের দুষ্টচক্র
ঘ) মূলধনের দুষ্টচক্র

**১৮. অনুন্নত দেশের বেশির ভাগ মানুষ কোথায় বাস করে?**
ক) গ্রামে খ) বস্তি এলাকায়
গ) শহরে ঘ) নদীর তীরে

**১৯. উন্নয়নশীল দেশের বৈশিষ্ট্য হলো—**
i. কম মাথাপিছু আয়
ii. শিল্পে অনগ্রসরতা
iii. উদ্যোক্তার অভাব
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**২০. অনুন্নত দেশে উন্নয়নের গতি মন্থর কেন?**
ক) সঞ্চয় কম বলে
খ) দারিদ্র্যের দুষ্টচক্রের কারণে
গ) বেকারত্ব বেশি বলে
ঘ) সরকারি উদ্যোগের অভাবে

**২১. অর্থনৈতিক উন্নয়নের অন্যতম অন্তরায় কোনটি?**
ক) দারিদ্র্যের দুষ্টচক্র খ) বেকারত্ব
গ) নিরক্ষরতা ঘ) দুর্নীতি

**২২. কত সালে আশা বাংলাদেশ প্রতিষ্ঠিত হয়?**
ক) ১৯৭২ খ) ১৯৭৫
গ) ১৯৮৬ ঘ) ১৯৯২

**২৩. কত সালে স্বনির্ভর বাংলাদেশে প্রতিষ্ঠিত হয়?**
ক) ১৯৭২ খ) ১৯৭৫
গ) ১৯৮৬ ঘ) ১৯৯২

**২৪. বাংলাদেশের সর্ববৃহৎ বেসরকারি সংস্থা কোনটি?**
ক) ব্র্যাক খ) আশা
গ) প্রশিকা ঘ) শক্তি ফাউন্ডেশন

**২৫. কোন সংগঠনটি মহিলাদের ক্ষমতায়নের জন্য প্রথম থেকেই কাজ করে যাচ্ছে?**
ক) প্রশিকা খ) আশা
গ) টিএমএসএস ঘ) ব্র্যাক

**২৬. ১৯৯২ সালে প্রতিষ্ঠিত হয়—**
i. টিএমএসএস
ii. আশা
iii. শক্তি ফাউন্ডেশন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**২৭. এসএসএস কত সালে আত্মপ্রকাশ ঘটে?**
ক) ১৯৭২ খ) ১৯৮৫
গ) ১৯৮৩ ঘ) ১৯৮৬

**২৮. দরিদ্র মানুষের ক্ষমতায়নে ব্র্যাক প্রধানত সহায়তা দেয়—**
i. মহিলা ও মেয়েদের
ii. চরবাসীদের
iii. অতি দরিদ্রদের
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**২৯. কোনটি একটি দেশের মানুষকে পরনির্ভরশীল করে রাখে?**
ক) এনজিও খ) বিশ্বব্যাংক
গ) দারিদ্র্য ঘ) বৈদেশিক সাহায্য

**৩০. গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচিকে কী বলে?**
ক) জিআর খ) টিআর
গ) ভিজিএফ ঘ) ভিজিডি

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.** ▶ মিতা উচ্চ শিক্ষার জন্য যে দেশে যায়, সেখানে ভূমি ও প্রাকৃতিক সম্পদের পূর্ণ ব্যবহার হয়। ফলে আয় ও সঞ্চয় বৃদ্ধি পায়। রাজনৈতিক পরিস্থিতি স্থিতিশীল, যা নিজ দেশ বাংলাদেশে সে দেখে না।

ক. বাজেট কী? ১
খ. বেকারত্ব বলতে কী বোঝ? ২
গ. মিতার যাওয়া দেশটির অর্থনৈতিক বৈশিষ্ট্যগুলো চিহ্নিত করো। ৩
ঘ. অর্থনৈতিক উন্নয়নের মাত্রা ও স্তরের ভিত্তিতে মিতার নিজ দেশের অবস্থান পর্যালোচনা করো। ৪

**২.** ▶ রহিম উদ্দিন তার অল্প জমিতে ছেলসহ চাষ করে বছরে গড়ে ৬০ মণ ধান পায়। এরই মধ্যে তার এক ভাতিজা বিদেশে চাকরিচ্যুত হয়ে দেশে ফিরে আসে এবং তাদের সাথে কাজ করছে। কিন্তু রহিম উদ্দিন লক্ষ করেন, এর ফলে ধানের উৎপাদনের পরিমাণ বাড়েনি। এ অবস্থায় ভাতিজাকে অন্য কোনো কাজে লাগানো যায় কিনা তা নিয়ে সে চিন্তাভাবনা শুরু করেছেন।

ক. প্রশিকা কী? ১
খ. দারিদ্র্যের দুষ্টচক্রের ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. রহিম উদ্দিনের ভাতিজা কোন ধরনের বেকার? ব্যাখ্যা করো। ৩
ঘ. রহিম উদ্দিনের ভাতিজা যে ধরনের বেকারত্বের শিকার তা কীভাবে সমাধান করা সম্ভব? আলোচনা করো। ৪

**৩.** ▶ আসলাম উচ্চতর ডিগ্রি নিয়েও বেকার যুবক। সে কাজ পেতে চায় কিন্তু সে উৎকণ্ঠার সাথে লক্ষ্য করছে যে চাকরি পাওয়া অনেক কষ্টসাধ্য। তার যোগ্যতা, মেধা ও কাজ করার ইচ্ছা থাকলেও সে কাজ পাচ্ছে না।

ক. মানবসম্পদ কী? ১
খ. বেকারত্ব বলতে কী বোঝ ব্যাখ্যা করো। ২
গ. আসলামের বর্তমান অবস্থার প্রকৃতি ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের আসলামের বর্তমান অবস্থা থেকে উত্তরণের উপায় সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

**৪.** ▶ রহিম বাংলাদেশে বাস করে এবং সে মনে করে এদেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে গতি ত্বরান্বিতকরণে মানবসম্পদের গুণগত মান উন্নয়ন করা প্রয়োজন। সে এও মনে করে যে, এ দেশের সরকারের অন্যতম প্রধান লক্ষ্য হওয়া উচিত মানবসম্পদ উন্নয়ন।

ক. 'ব্র্যাক' এর পূর্ণরূপ কী? ১
খ. 'আশ্রয়ন প্রকল্প' বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত রহিমার ব্যাখ্যাকৃত ধারণাটি উন্নয়নের উপায় পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. রহিমার দেশে উক্ত ধারণা উন্নয়নের গুরুত্ব কতখানি তা তোমার নিজের মতামতের ভিত্তিতে বিশ্লেষণ করো। ৪

**৫.** ▶ চাকচিক্য ও জাঁকজমকপূর্ণ একটি অফিস। একজন ফাইল এগিয়ে দিচ্ছে, একজন গেটে দাঁড়িয়ে আছে, একজন নাস্তাপানি সরবরাহ করছে। এভাবে বেশ কয়েকজন অফিসে কাজ করছে। আসলে কাজটি দুজন লোক দ্বারাও সম্ভব।

ক. উন্নয়নশীল দেশ কাকে বলে? ১
খ. দারিদ্র্যের দুষ্টচক্রটি ব্যাখ্যা করো। ২
গ. উক্ত অফিসে কর্মরত ব্যক্তিদের কাজকে অর্থনীতিতে কোন ধরনের বেকারত্বের মধ্যে পড়ে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত বেকারত্ব নিরসনে কোন কোন ব্যবস্থা গ্রহণযোগ্য বলে তুমি মনে করো? তোমার মতামত দাও। ৪

**৬.** ▶ মধুপুর গ্রামের বেশিরভাগ মানুষ দরিদ্র। নানা প্রাকৃতিক দুর্যোগ তাদের দারিদ্র্যের মাত্রাকে বাড়িয়ে দেয়। এই দারিদ্র্য দূরীকরণে সরকারের পাশাপাশি কিছু বেসরকারি সংস্থা ঐ গ্রামে কাজ করছে। জনগণের আয় বৃদ্ধিসহ কীভাবে স্বকর্মসংস্থান করা যায় সে বিষয়ে তারা জনগণকে সহায়তা করছে। বর্তমানে ঐ গ্রামে দারিদ্র্যের পরিমাণ অনেক কমে এসেছে।

ক. টিএমএসএস এর পূর্ণরূপ কী? ১
খ. দারিদ্র্য বলতে কী বোঝায়? ২
গ. মধুপুর গ্রামের মানুষের অর্থনৈতিক অবস্থার উন্নয়নে ব্র্যাক কীভাবে সহায়তা করতে পারে? বর্ণনা করো। ৩
ঘ. সমাজে বেকারত্ব দূরীকরণে কী কী পদক্ষেপ গ্রহণ করা যায়? বিশ্লেষণ করো। ৪

**৭.** ▶ তাহমিনা মফস্বল অঞ্চলের মেয়ে। সে খুব ভালো ছাত্রী ছিল। কিন্তু এসিড দগ্ধ হবার পর সে পড়াশোনা ছেড়ে দিয়েছে। তাহমিনার বাবা কৃষিভিত্তিক কাজ করেন। মেয়ের চিকিৎসার পিছনে এত ব্যয় করার মতো সামর্থ্য তার নেই।

ক. দারিদ্র্য কী? ১
খ. আশ্রয়ন প্রকল্প কেন গ্রহণ করা হয়? ২
গ. তাহমিনার মতো মেয়েদের সহ অন্যান্য প্রতিবন্ধীদের সরকার কীভাবে সহায়তা করছে? ৩
ঘ. এদেশের দারিদ্র্য নিরসনে তাহমিনার বাবার কর্মরত খাতে সরকারের অবদান মূল্যায়ন করো। ৪

**৮.** ▶ হক সাহেব তার ছাত্রদের অর্থনীতি পড়াতে গিয়ে উন্নত, অনুন্নত ও উন্নয়নশীল দেশ সম্পর্কে বোঝালেন। উন্নত দেশে দক্ষ জনশক্তি থাকে। মূলধন, শিল্প, মাথাপিছু আয় সবকিছু বেশি থাকে। আর অনুন্নত দেশে এসব বৈশিষ্ট্য খুবই কম থাকে এবং উন্নয়নশীল দেশে এসব বৈশিষ্ট্য অগ্রসরের দিকে ধাবিত হয় বলে তিনি ছাত্রদের বোঝালেন।

ক. উন্নত দেশ কোন সম্পদে সমৃদ্ধ? ১
খ. ঔপনিবেশিক ধরনের বাণিজ্য বলতে কী বোঝায়? ২
গ. হক সাহেব কীভাবে উন্নত, অনুন্নত ও উন্নয়নশীল দেশের পার্থক্য করতে পারবেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কী মনে কর বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৪

**৯.** ▶ শাহীন তার কৃষি জমিতে বছরে প্রায় ২৫ মণ ধান উৎপাদন করতে পারে। তার বড় ছেলে জাফর কাজ না পেয়ে ধান উৎপাদন কাজে নিয়োজিত হলেও ধান উৎপাদনের পরিমাণ একই থেকে যায়। তাই জাফর স্থানীয় যুব উন্নয়ন কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়ে গরুর খামার করে। বর্তমানে এখানে আরও ৫ জন লোকও নিয়োগ দেয়।

ক. অর্থনৈতিক উন্নয়ন কী? ১
খ. মৌসুমি বেকারত্ব বলতে কী বোঝ? ২
গ. জাফরের প্রথমদিকের বেকারত্বের প্রকৃতি ব্যাখ্যা করো। ৩
ঘ. জাফরের পরবর্তী কার্যক্রম অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম— বিশ্লেষণ করো। ৪

**১০.** ▶ বাংলাদেশের অর্থনৈতিক অবস্থা ধীরে ধীরে উন্নয়নের দিকে যাচ্ছে। কৃষি নির্ভর বাংলাদেশ, যেখানে দারিদ্র্যতার মাত্রাও অনেক, জনসংখ্যার পরিমাণও কম নয়। এত প্রতিকূলতার মাঝেও বাংলাদেশ এখন এগিয়ে চলছে। এক্ষেত্রে বিভিন্ন NGO দেশের উন্নয়নে ভূমিকা রাখছে।

ক. TMSS এর পূর্ণরূপ লেখ। ১
খ. 'অর্থনৈতিক প্রবৃদ্ধি' ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপক থেকে বাংলাদেশের উন্নয়ন অবস্থা ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের উন্নয়নে NGO কী কী ভূমিকা রাখছে বলে তুমি মনে কর? তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

**১১.** ▶ রাসেলের সাথে তার মালিকের বনিবনা না হবার কারণে গত দুই মাস আগে সে তার চাকরিটি ছেড়ে দেয়। দুই মাস ধরে সে চাকরি খুঁজছে কিন্তু মনের মতো চাকরি না পাবার কারণে যোগদান করেনি। রাসেলের ভাই রিপন দুবাইয়ে চাকরি নিয়ে যায় কিন্তু কর্মদক্ষতা না থাকার কারণে তার বেতন কম।

ক. প্রবৃদ্ধি কী? ১
খ. দারিদ্র্যের দুষ্টচক্রের ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. রাসেলের বেকারত্বের ধরন ব্যাখ্যা করো। ৩
ঘ. রিপনের মত মানুষদের কর্মদক্ষতার গুণগত মান উন্নয়নে কী ধরনের ব্যবস্থা গ্রহণ করা যায় বলে তুমি মনে করো। ৪

## সৃজনশীল বহুনির্বাচনি | মডেল প্রশ্নপত্রের উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | খ | ৪ | ক | ৫ | খ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ক |
| ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | খ |